গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
PRESS INFORMATION DEPARTMENT. GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

তথ্যবিবরণী **নম্বর-০৫৬**

বিভাগীয় বইমেলার সমাপনী অনুষ্ঠিত

রাজশাহী; ৩১ ভাদ্র (১৫ সেপ্টেম্বর):

আজ শুক্রবার (১৫ সেপ্টেম্বর) বিকালে রাজশাহী কলেজ মাঠে সাত দিনব্যাপী বিভাগীয় বইমেলা ২০২৩ এর সমাপনী অনুষ্ঠিত হয়েছে। অনুষ্ঠানে রাজশাহী কলেজের অধ্যক্ষ প্রফেসর মোহাঃ আব্দুল খালেক প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন।

অতিরিক্ত বিভাগীয় কমিশনার (উন্নয়ন ও আইসিটি) ড. মোঃ মোকছেদ আলীর সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন অতিরিক্ত বিভাগীয় কমিশনার (রাজস্ব) মো: ইমতিয়াজ হোসেন, অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক) জসীম উদ্দীন হায়দার এবং জেলা প্রশাসক শামীম আহমেদ।

অনুষ্ঠানে বক্তাগণ বলেন, আজকের তরুণ প্রজন্ম স্মার্ট বাংলাদেশের নেতৃত্ব দেবে। স্মার্ট বাংলাদেশের নেতৃত্ব দিতে হলে তাদের জ্ঞান বৃদ্ধি করতে হবে। জ্ঞান বৃদ্ধি করার জন্য বই পড়ার কোনো বিকল্প নেই। শেখার মূল উপাদানই হলো বই। পাঠকের জ্ঞান ও বিবেক বিকশিত হয় বই পড়ার মাধ্যমে। শরীর সচল থাকে ব্যায়ামের মাধ্যমে আর মস্তিষ্ক সচল থাকে বই পড়ার মাধ্যমে। এ সময় শিক্ষার্থীদের একাডেমিক বই পড়ার পাশাপাশি ধর্মীয় ও সাধারণ জ্ঞানের বই পড়ার পরামর্শ দেন তাঁরা।

পরে বিভাগীয় বইমেলা ২০২৩ এ অংশগ্রহণকারী ষাটটি বইয়ের স্টল থেকে সেরা তিনটি স্টলকে ক্রেস্ট, সনদ এবং বিভিন্ন প্রতিযোগিতায় অংশগ্রহণকারী বিজয়ীদের হাতে পুরস্কার তুলে দেয়া হয়।

.....

তৌহিদ/সিকান্দার/রুহুল/২০২৩/১৮.৩০ঘ.

টেলিফোন : সংবাদকক্ষ : ঢাকা - ৯৫১২২৪৬, ৯৫১৪৯৮৮; চট্টগ্রাম - ০৩১-২৫২১৩৬১; খুলনা - ০৪১-৭২০৭৪৯; রাজশাহী -০৭২১-৭৭২৩৩৯
ফ্যাক্স : ঢাকা-৯৫৪০৯৪২, ৯৫৪০০২৬, ৯৫৪০৫৫৩; চট্টগ্রাম - ৭১০১০২; খুলনা - ৭২০৮৫৩; রাজশাহী - ৭৭২৩৩৯
ই-মেইল : piddhaka@gmail.com, piddhaka@yahoo.com; ওয়েবসাইট : www.pressinform.gov.bd